

বিশ্ববিদ্যালয়ে আসার উদ্দেশ্য?

আমার বিশ্ববিদ্যালয়ে আসার অনেকগুলো কারণ আছে তার মধ্যে অন্যতম হলো নিজেকে বাহ্যিক এবং অভ্যন্তরীণভাবে সুশিক্ষায় মানুষ হিসেবে গড়ে তোলা। আমি মনে করি একটা মানুষের অভ্যন্তরীণ অর্থাৎ আত্মিক শিক্ষা অনেক বেশি প্রয়োজন। কারণ মানুষ যখন আত্মিকভাবে সুশিক্ষিত হয় তখন ভালো-মন্দের বিচার করতে পারে আর মানুষ আত্মিকভাবে শিক্ষিত না হলে ভাল মন্দের বিচার করতে পারেনা। অন্যদিকে প্রাথমিক, মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পর্যায়ে আমরা সাধারণত একাধিক বিষয় সম্পর্কে মৌলিক ধারণা অর্জন করে থাকি। উচ্চশিক্ষা এ দিক থেকে কিছুটা ভিন্ন ধরনের। উচ্চশিক্ষা পর্যায়ে এসে শিক্ষার্থীরা সাধারণত জ্ঞানের নির্দিষ্ট একটি গণ্ডি নিয়ে জ্ঞানার্জন করতে পারে। বাংলার একজন শিক্ষার্থী বিশ্ববিদ্যালয় পর্যায়ে এসে যেমন বাংলার ইতিহাস, গতি-প্রকৃতি ও বিশদ নিয়মাবলী সম্পর্কে ধারণা লাভ করেন, একইভাবে একজন কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের শিক্ষার্থী বিভিন্ন প্রোগ্রামিং, ডিজাইনিং ইত্যাদি সম্পর্কে তার একাডেমিক পড়াশুনা চালিয়ে যান। এ ধরনের নির্দিষ্ট বিষয়ভিত্তিক জ্ঞানলাভের জন্যে পঠিত বিষয় সম্পর্কে যত বেশি জানা যেতে পারে, ততই ভালো। জ্ঞানের নতুন শাখা তৈরি কিংবা বর্তমানের বিষয়গুলোকেই পরিমার্জন বা পরিবর্ধন করার জন্যে প্রয়োজন বিস্তারিত জ্ঞানলাভের, আর গবেষণার। এই জ্ঞানলাভের জন্যেই আমার বিশ্ববিদ্যালয়ে আসা। কোনো একটি একাডেমিক বা ব্যবহারিক জীবনের সমস্যার প্রতি একজন সাধারণ শিক্ষার্থী ও একজন উচ্চশিক্ষায় শিক্ষিত শিক্ষার্থীর দৃষ্টিভঙ্গি কখনো এক হয় না। একজন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী প্রতিনিয়ত নতুন নতুন জিনিসের সম্মুখীন হয়, বিভিন্ন বিষয় নিয়ে গবেষণা করে, অনেক রকমের মানুষের সাথে চলাফেরা করে। এর ফলে যেকোনো ধরনের সমস্যাকে কীভাবে সমাধান করতে হবে কিংবা কোন পদ্ধতি অনুসরণ করলে একটি কাঠামোভিত্তিক সমাধানে আসা সম্ভব, তা একজন উচ্চ শিক্ষিত শিক্ষার্থী থেকে ভালো কেউ জানে না। এ কারণে বিশ্ববিদ্যালয় জীবনের অভিজ্ঞতা পরবর্তী শিক্ষাজীবন, ক্যারিয়ার ও ব্যবহারিক বিভিন্ন ক্ষেত্রেও বেশ যথাযথ একটি প্রত্যক্ষণের গুণ এনে দেয়। এ কারণেই আমার বিশ্ববিদ্যালয় আসা অন্যদিকে বর্তমান সময়ের সাথে তাল মিলিয়ে চলার জন্য এবং একটি ভালো জব পাওয়ার জন্য উচ্চ শিক্ষার কোন বিকল্প নেই। সমাজের কাছে, নিজের দেশের কাছে এবং বাহিরের দেশে নিজের দেশকে রিপ্রেজেন্টেভ করার জন্য, এবং সর্বোপ নিজে জায়গা বানানোর জন্য বিশ্ববিদ্যালয়ে আসা।